

## ■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে জামা'আতে সালাত আদায় [বিধান, ফ্যীলত, ফায়েদা ও নিয়ম-কানূন]

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ মাসায়েল রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

কাউকে জামা'আতে সালাত আদায় করতে বাধা দেওয়া যাবে না:

কেউ কেউ নিজ প্রাইভেট ড্রাইভার কিংবা দোকানের কর্মচারীদেরকে জামা'আতে সালাত আদায় করতে বাধা দিয়ে থাকে। তা করা কোনোভাবেই তার জন্য জায়িয নয়। কারণ, জামা'আতে সালাত পড়া ওয়াজিব এবং তা আল্লাহ তা'আলার একান্ত অধিকার তথা আনুগত্যও বটে। আর এ কথা জানা যে, আল্লাহ তা'আলার অধিকার ও আনুগত্যে সবার অধিকার ও আনুগত্যের ওপর। তাই আল্লাহ তা'আলার অধিকার খর্ব করার সাধ্য কারোর নেই। আল্লাহ তা'আলা বলেন:

﴿ تَعَاوَنُواْ عَلَى ٱلنَّبِرِّ وَٱلتَّقَاوَىٰ وَلَا تَعَاوَنُواْ عَلَى ٱلنَّإِنامِ وَٱلنَّعُداوَٰنِ وَٱلنَّقُواْ ٱللَّهَ إِنَّ ٱللَّهَ شَدِيدُ ٱلنَّعِقَابِ ﴾ [المائدة: ٢]

"তোমরা নেক ও আল্লাহ্নীরুতার কাজে একে অপরকে সহযোগিতা করো। গুনাহ ও হঠকারিতার কাজে কাউকে সহযোগিতা করো না। সর্বদা আল্লাহ তা'আলাকে ভয় করো। নিশ্চয় আল্লাহ তা'আলা কঠিন শাস্তিদাতা"। [সূরা আল-মায়েদাহ, আয়াত: ২]

Source — https://www.hadithbd.com/books/link/?id=10775

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন